দৈনিক ইত্তেফাক

তারিখ 6 APR. 2017 পৃষ্ঠা ৭ কলাম ৪

# ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষা বিধিমালা গঠন প্রশ্নে রুলের রায় ১১ মে

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষা বিধিমালা গঠন প্রশ্নে জারিকৃত রুলের ওপর চূড়ান্ত শুনানি শেষ হয়েছে। আগামী ১১ মে রায় ঘোষণা করবে হাইকোর্ট। বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি মো. বদরুজ্জামানের ডিভিশন বেঞ্চ শুনানি শেষে রায়ের জন্য এই দিন ধার্য করে দেন। আদালতে রাষ্ট্রপক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল সরদার রাশেদ জাহাঙ্গীর শুভ্র এবং রিটকারী পক্ষে ব্যারিস্টার অনিক আর হক শুনানি করেন।

বেসরকারি ইংরেজি মাধ্যম শিক্ষা বিধিমালা-২০০৭ নামে একটি বিধিমালা প্রণয়ন করে সরকার; কিন্তু ওই বিধিমালা কোনো ইংলিশ মিডিয়াম স্কুল কর্তৃপক্ষ কার্যকর করেনি। ফলে যুগোপযোগী শিক্ষা বিধিমালা প্রণয়নের নির্দেশনা চেয়ে ২০১৪ সালে রিট করেন এক শিক্ষার্থীর অভিভাবক জাভেদ ফারুক। ওই বছরের ২৩ এপ্রিল ইংলিশ মিডিয়াম স্কুলের 'প্লে' গ্রুপ থেকে 'এ' লেভেল পর্যন্ত শিক্ষার্থীদের টিউশন ফি, পুনঃভর্তি ফি ও সেশন চার্জ বিষয়ে কেন শিক্ষা বিধিমালা গঠন করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করে হাইকোর্ট। ওই রুলের ওপর চূড়ান্ত শুনানি নিয়ে হাইকোর্ট রায়ের জন্য দিন ধার্য করে দেয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................
চীফ, ডি. এম. পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
স্বাক্ষর